

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৫৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮১৬] ৩৩। জিহাদ ও সফর (کتاب الجهاد والسير) পরিচ্ছেদঃ ৫০. যাতুর রিকা যুদ্ধ

باب غَزْوَةِ ذَاتِ الرِّقَاع

## আরবী

حَدَّثَنَا أَبُو عَامِرٍ عَبْدُ اللَّهِ بْنُ بَرَّادٍ الأَشْعَرِيُّ، وَمُحَمَّدُ بْنُ الْعَلاَءِ الْهَمْدَانِيُّ، \_ وَاللَّفْظُ لأَبِي عَامِرٍ \_ قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَة، عَنْ بُرَيْدِ بْنِ أَبِي بُرْدَة، عَنْ أَبِي بُرْدَة، عَنْ أَبِي مُوسَى، عَامِرٍ \_ قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَة، عَنْ بُرَيْدِ بْنِ أَبِي بُرْدَة، عَنْ أَبِي بُرْدَة وَنَحْنُ سِتَّةُ نَفَرٍ بَيْنَنَا بَعِيرُ قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي غَزَاةٍ وَنَحْنُ سِتَّةُ نَفَرٍ بَيْنَنَا بَعِيرُ نَعْتَقِبُهُ \_ قَالَ \_ فَنَقِبَتْ أَقْدَامُنَا فَنَقِبَتْ قَدَمَاى وَسَقَطَتْ أَظْفَارِي فَكُنَّا نَلُفُ عَلَى أَرْجُلِنَا بَعِيرُ الْخِرَقَ فَسُمِّيَتْ غَزْوَة ذَاتِ الرِّقَاعِ لِمَا كُنَّا نُعَصِّبُ عَلَى أَرْجُلِنَا مِنَ الْخِرَقِ . قَالَ أَبُو الْخِرَقَ فَسُمِّيَتْ غَزْوَة ذَاتِ الرِّقَاعِ لِمَا كُنَّا نُعُصِّبُ عَلَى أَرْجُلِنَا مِنَ الْخِرَقِ . قَالَ أَبُو الْخَرَق فَكَدَّثَ أَبُو مُوسَى بِهَذَا الْحَدِيثِ ثُمَّ كَرِهَ ذَلِكَ . قَالَ كَأَنَّهُ كَرِهَ أَنْ يَكُونَ شَيْئًا مِنْ عَمْلِهِ أَفْشَاهُ . قَالَ أَبُو أُسَامَةً وَزَادَنِي غَيْرُ بُرَيْدٍ وَاللَّهُ يَجْزِي بِهِ .

## বাংলা

৪৫৯৩-(১৪৯/১৮১৬) আবূ আমির আবদুল্লাহ ইবনু বাররাদ আশ'আরী ও মুহাম্মাদ ইবনু 'আলা আল-হামদানী (রহঃ) ...... আবূ মূসা (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে একটি যুদ্ধাভিযানে বের হলাম। আমাদের প্রতি ছয়জনের মধ্যে ছিল একটি উট, যার উপর আমরা পর্যায়ক্রমে সওয়ার হতাম। তিনি বলেন, এতে আমাদের পা ক্ষত-বিক্ষত হয়ে যায়। আমার দু'পা এতই বিক্ষত হয়েছিল যে, পায়ের নখগুলো উপড়ে পড়ে যায়। তাই আমরা আমাদের পায়ে পট্টি বেঁধেছিলাম। এ কারণে এ অভিযান যাতুর-রিকা বা পট্টি যুদ্ধ নামে অভিহিত হয়। কেননা আমরা আমাদের পায়ে পট্টি বেঁধেছিলাম।

আবৃ বুরদাহ (রাযিঃ) বলেন, আবৃ মূসা (রাযিঃ) এ হাদীসটি একবার বর্ণনা করার পর পুনরায় বর্ণনা করা পছন্দ করেননি। রাবী বলেন, এ দ্বারা তার আমলের প্রকাশ পায় বলে তিনি তা উল্লেখ করা পছন্দ করেননি। আবৃ উসামাহ্ বলেন, বুরায়দ (রাযিঃ) ছাড়া এ হাদীসের অন্য রাবী এ কথা অতিরিক্ত বলেছেন, "আল্লাহ তার প্রতিদান দিবেন"। (ইসলামিক ফাউন্ডেশন ৪৫৪৮, ইসলামিক সেন্টার ৪৫৫১)

## **English**



It has been narrated on the authority of Abu Musa (Ash'ari) who said: We set out on an expedition with the Messenger of Allah (ﷺ). We were six in number and had (with us) only one camel which we rode turn by turn Our feet were injured. My feet were so badly injured that my nails dropped off. We covered our feet with rags. so this expedition was called Dhat-ur-Riqa' (i. e. the expedition of rags) because we bandaged our feet with rags (on that day). Abu Burda said: Abu Musa narrated this tradition, and then disliked repeating it as he did not want to give any publicity to what he did in a noble cause Abu Usama said: Narrators other than Abu Buraida have added to the version of the words:" God will reward it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন